# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৯৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু‘আসমূহ

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ مِنْ دُعَاءِ دَاوُدَ يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُحِبُّكَ وَالْعَمَلَ الَّذِي يُبَلِّغُنِي حُبَّكَ اللَّهُمَّ اجْعَلْ حُبَّكَ أَحَبَّ إِلَيَّ مِنْ نَفْسِي وَمَالِي وَأَهْلِي وَمِنَ الْمَاءِ الْبَارِدِ» . قَالَ: وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا ذَكَرَ دَاوُدَ يُحَدِّثُ عَنْهُ يَقُولُ: «كَانَ أَعْبَدَ الْبَشَرِ» رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

২৪৯৬-[১৫] আবূ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দাঊদ (আঃ)-এর দু’আ ছিল এটা, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন,

’’আল্ল-হুম্মা ইন্নী আস্আলুকা হুব্বাকা ওয়াহুব্বা মান্ ইউহিব্বুকা ওয়াল ’আমলাল্লাযী ইউবাল্লিগুনী হুব্বাকা, আল্ল-হুম্মাজ্’আল হুব্বাকা আহাব্বা ইলাইয়্যা মিন্ নাফসী ওয়ামা- লী ওয়া আহলী ওয়ামিনাল মা-য়িল বা-রিদ’’

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে তোমার ভালোবাসা প্রত্যাশা করি, আর যে তোমাকে ভালোবাসে, তার ভালোবাসা চাই এবং আমি ঐ কাজের শক্তি চাই, যে শক্তি আমাকে তোমার ভালোবাসার দিকে নিয়ে যাবে। হে আল্লাহ! তোমার ভালোবাসাকে আমার কাছে আমার জীবন, আমার ধন-সম্পদ, আমার পরিবার-পরিজন ও ঠাণ্ডা পানির চেয়েও বেশি পছন্দনীয় করে তোলো।)

বর্ণনাকারী [আবূ দারদা (রাঃ)] বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন দাঊদ (আঃ)-কে স্মরণ করতেন, তাঁর ঘটনা বর্ণনা করতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, দাঊদ (আঃ) তাঁর যুগের সর্বাধিক ’ইবাদাতগুজার ছিলেন। (তিরমিযী; তিনি বলেন, হাদীসটি হাসান গরীব)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ৩৪৯০, রিয়াযুস্ সলিহীন ১৪৯৮, য‘ঈফাহ্ ১১২৫, য‘ঈফ আল জামি‘ ৪১৫৩। কেননা এর

সানাদে ‘আবদুল্লাহ ইবনু রবী‘আহ্ আদ্ দিমাশক্বী একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী (রহঃ) বলেন, দাঊদ (আঃ) তার সমসাময়িক যুগের মানুষদের মধ্যে সর্বাধিক ‘ইবাদাতকারী ব্যক্তি ছিলেন। তবে কারী বলেন, তিনি শুধু তার যুগেরই নন বরং সকল যুগের সর্বাধিক ‘ইবাদাতকারী ব্যক্তি ছিলেন। তবে কারো কারো মতে, তিনি সর্বাধিক কৃতজ্ঞতা জ্ঞাপনকারী ব্যক্তি ছিলেন।

যেমন- আল্লাহ তা‘আলা বলেন, اعْمَلُوا آلَ دَاوُوْدَ شُكْرًا

‘‘হে দাঊদ পরিবার! কৃতজ্ঞতার সঙ্গে তোমরা কাজ করতে থাকো’’- (সূরা সাবা ৩৪ : ১৩)। অর্থাৎ- আমার কৃতজ্ঞতা জ্ঞাপনে চূড়ান্ত স্তরে পৌঁছ এবং এ ক্ষেত্রে তোমার সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখো।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57056

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন